

## ॥ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৫৯৫

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ মসজিদের মধ্যে বাগড়া-বিবাদ ও হৈ-হল্লা করা, হারানো বস্ত্র খোঁজ বা ঘোষণা করা, কেনা-বেচা করা, ভাড়া বা মজুরী বা ইজারা চুক্তি ইত্যাদি অনুরূপ কর্ম নিষেধ

আরবী

وَعَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ الصَّحَابِيِّ قَالَ : كُنْتُ فِي الْمَسْجِدِ فَحَصَبَنِي رَجُلٌ فَنَظَرَتْ فَإِذَا  
عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ : إِذْهَبْ فَأَتَنِي بِهَذِينِ فَجِئْتُهُ بِهِمَا فَقَالَ : مِنْ أَيْنَ أَنْتُمَا ؟ فَقَالَا :  
مِنْ أَهْلِ الطَّائِفِ فَقَالَ : لَوْ كُنْتُمَا مِنْ أَهْلِ الْبَلَدِ لَأَوْجَعْتُكُمَا تَرْفَعَانِ أَصْنَوَاتُكُمَا فِي  
مَسْجِدِ رَسُولِ اللَّهِ ﷺ رواه البخاري

বাংলা

(৫৯৫) সাহাবী সায়েব ইবনে ইয়ায়ীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি মসজিদে (নববীতে) ছিলাম। এমন সময় একটি লোক আমাকে কাঁকর ছুঁড়ে মারল। আমি তার দিকে তাকাতেই দেখি, তিনি উমার ইবনুল খাতাব (রাঃ)। তিনি বললেন, যাও, ঐ দু'জনকে আমার নিকট নিয়ে এস। আমি তাদেরকে নিয়ে তাঁর কাছে এলাম। তিনি বললেন, তোমরা কোথাকার? তারা বলল, আমরা তায়েফের অধিবাসী। তিনি বললেন, তোমরা যদি এই শহর (মদীনার) লোক হতে, তাহলে আমি তোমাদেরকে অবশ্যই কঠোর শাস্তি দিতাম। তোমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মসজিদে উচ্চস্থরে কথা বলছ!

ফুটনোট

(বুখারী ৪৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়ায়ীদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64114>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন